



শাহজালাল বিমানবন্দরের কার্গো ভিলেজে অগ্নিকাণ্ডে বিমান ওঠানামা স্থগিত



সংগৃহীত ছবি

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে এলাকায় অগ্নিকাণ্ডের ঘটনায় বিমান ওঠানামা সাময়িকভাবে বন্ধ ঘোষণা করা হয়েছে। ফায়ার সার্ভিসের ১৬টি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ করছে, আরও ১৬টি ইউনিট পথে রয়েছে।

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজের একটি অংশে ভয়াবহ অগ্নিকাণ্ডের পর বিমান ওঠানামা সাময়িকভাবে স্থগিত করা হয়েছে। শনিবার (১৮ অক্টোবর) বিকেল ৩টা ৩০ মিনিটে বিমানবন্দরের নির্বাহী পরিচালকের মুখপাত্র মো. মাসুদুল হাসান মাসুদ বিষয়টি গণমাধ্যমে নিশ্চিত করেন।

এর আগে দুপুর ২টা ১৫ মিনিটের দিকে হঠাৎ করে কার্গো ভিলেজ এলাকায় আগুন লাগে। এতে আতঙ্ক ছড়িয়ে পড়ে বিমানবন্দর এলাকাজুড়ে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের ১৬টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে, পাশাপাশি আরও ১৬টি ইউনিট ঘটনাস্থলের পথে রয়েছে বলে জানানো হয়।

বিমানবন্দর কর্তৃপক্ষের মতে, অগ্নিকাণ্ডের পরপরই বিমানবন্দর ফায়ার সেকশন, বাংলাদেশ বিমান বাহিনীর ফায়ার ইউনিট এবং অন্যান্য সংশ্লিষ্ট সংস্থা যৌথভাবে আগুন নিয়ন্ত্রণে উদ্যোগ নেয়। কার্গো ভিলেজের যে অংশে আগুন লেগেছে, সেখানে আমদানি করা বিভিন্ন পণ্য সংরক্ষণ করা ছিল।